APR. 08 2002

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৬ ...

যুগান্তর

# পিপলস বিশ্ববিদ্যালয় থেকে আন্দোলনরত ছাত্রছাত্রীদের তাড়িয়ে দিয়েছে সন্ত্রাসীরা

বিশ্ববিদ্যালয় রিপোর্টার

পিপলস : বিশ্ববিদ্যালয়ে আন্দোলনরত ছাত্রছাত্রীদের গতকাল একদল বহিরাগত সন্ত্রাসী আন্দোলন বন্ধের জন্য হুমকি দিয়েছে এবং অস্ত্র দেখিয়ে ক্যাম্পাস থেকে তাড়িয়ে দিয়েছে। পরীক্ষা নিয়ন্ত্রক আবদুল বারেকের অপসারণসহ ২০ দফা দাবিতে তারা গত ২৭ মার্চ থেকে অনির্দিষ্টকালের জন্য ক্লাস ও পরীক্ষা বর্জন কর্মসূচি পালন করছে। ছাত্রছাত্রীরা জানায়, 'আবদুল বারেক একজন দুর্নীতিবাজ কর্মকর্তা। বোর্ড অব গভর্নর্সের সভাপতি বদরুজ্জামান খসরু অন্যসব দাবি মেনে-নেয়ার আশ্বাস দিলেও তার আত্মীয় বলে আবদুল বারেকের অপসারণের দাবি মেনে নিতে রাজি হননি।' তাদের ধারণা বদরুজ্জামান সন্ত্রাসীদের লেলিয়ে দিয়ে এ ঘটনা ঘটিয়েছেন। গতকাল সকালে ছাত্রছাত্রীরা যখন ক্যাম্পাসে অবস্থান করছিল তখন ১০/১২ সশস্ত্র সন্ত্রাসী তাদের ভয়ভীতি দেখায় এবং ক্লাস ও পরীক্ষায় অংশ না নেয়ার নির্দেশ দিয়ে অন্যথা হলে প্রাণে মেরে ফেলা হবে বলে হুমকি দেয়।